মেহেরপুরের গাংনীতে সাংবাদিকদের পিপিই প্রদান করলেন- এমপি

গাংনীতে সাংবাদিকদের পিপিই প্রদান করলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গতকাল বুধবার দুপুরে তাঁর নিজস্ব বাসভবন থেকে ২০ জন সাংবাদিককে এ পিপিই প্রদান করা হয়। পিপিই প্রদানকালে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, বৈশিক করোনা ভাইরাসের কারণে বিশ্বের বিভিন্ন দেশ আক্রান্তের শিকার হয়েছে। বাংলাদেশও এ থেকে রক্ষা পায়নি। দেশের এ ক্রান্তিকালে কেবলমাত্র প্রশাসনের লোকজন, স্বাস্থ্য কর্মী এবং সাংবাদিকরা ঝুঁকি নিয়ে দেশের অসহায় মানুষের পাশে থেকে নিরলসভাবে কাজ করে চলেছেন।

এরই ধারাবাদিকতায় সাংবাদিকরা সঠিক তথ্য দেশের প্রকৃত চিত্র দর্শক ও পাঠকদের উপযোগী করে তুলে ধরার জন্য সারাক্ষণ মাঠে কাজ করে চলেছেন। সাংবাদিকদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে এমপি সাহিদুজ্জামান খোকন গাংনী উপজেলার সাংবাদিকদের ব্যক্তিগত উদ্যোগে পিপিই প্রদান করেন।

পিপিই পেয়ে সাংবাদিকদের মধ্যে কর্ম চাঞ্চল্য ফিরে এসেছে। পিপিই প্রদানের জন্য এমপি সাহিদুজ্জামানকে অভিনন্দন জানিয়েছে সকল সাংবাদিকরা।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক, প্রকাশকসহ তিন জনের বিরুদ্ধে

মামলার প্রতিবাদে মানববন্ধন

সাবেক স্বতন্ত্র সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে পরের বাড়ি দখলে রাখার সংবাদ প্রকাশ করায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও যুগ্ম সম্পাদক আল আমীনের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়েরের প্রতিবাদে মানববন্ধন করেছেন মেহেরপুরের সাংবাদিকরা।

সোমবার সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে সামাজিক দূরত্ব বজায় রেখে সাংবাদিকরা এ কর্মসূচী পালন করেন।

সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযমের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য দেন অবজারভার প্রতিনিধি রফিকুল আলম, মানবকন্ঠ প্রতিনিধি মুজাহিদ মুন্না, দিনকাল প্রতিনিধি হারুনুর রশিদ রবি, পশ্চিমাঞ্চল প্রতিনিধি ডিএম মুকিদ, আমার সংবাদ প্রতিনিধি মিজানুর রহমান।

মানববন্ধনে ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিদিন প্রতিনিধি মাহবুবুল হক পোলন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর নিউজের বার্তা সম্পাদক মিজানুর রহমান, জনতা প্রতিনিধি কামারুজ্জামান খান, বাংলা টিভি ও মানবজমিন প্রতিনিধি আকতারুজ্জামান, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, ভোরের কাগজ প্রতিনিধি হাসান মুস্তাফিজুর রহমান, মেহেরপুর প্রতিদিনের চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, অধিকার প্রতিনিধি শাকিল রেজা, সাংবাদিক মুহম্মদ মহসীন, আলোকিত সকাল প্রতিনিধি সাব্বির হোসেন, বার্তা মেহেরপুর প্রতিনিধি রাশেদ খান, সাংবাদিক মেহেরাব হোসেন, জবাবদিহি প্রতিনিধি সিরাজদৌলা পাভেল, হাসনাত জামান সৈকত প্রমুখ।

মানববন্ধনে রফিকুল আলম বলেন, সংবাদ প্রকাশ হলে সংক্ষুব্ধ ব্যক্তি মামলা করতেই পারেন। তবে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে হয়রানি করতে পারেন না। সব যায়গায় ক্ষমতা দেখাতে হয় না।

মাহাবুব চান্দু বলেন, আইনটি পাশ হওয়ার পর প্রধামন্ত্রী, আইন মন্ত্রী, তথ্য মন্ত্রী সহ সরকারের দায়িত্বশীলরা বলেছিলেন ডিজিটাল নিরাপত্তা আইনে সাংবাদিকদের উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। এ

আইন সাংবাদিকদের বিরুদ্ধে ব্যবহার হবে না। কিন্তু আমরা গভির উদ্বেগের সহিত লক্ষ্য করছি দেশের বিভিন্ন স্থানের মত মেহেরপুরেও সাংবাদিকদের এই আইনে মামলার সন্মুখিন হতে হচ্ছে।

প্রসঙ্গত, মেহেরপুর-২ আসনের সাবেক স্বতন্ত্র সংসদ সদস্য মকবুল হোসেন বিরুদ্ধে পরের বাড়ি দখলে রাখার সংবাদ প্রকাশ করায় সংক্ষুব্ধ হয়ে তার ভাগ্নে সবুজ হোসেন গত ১৩ মে এ মামলা দায়ের করেন। গত ১১ মে ‘গাংনীর সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের কান্ড’ “২৬ বছর ধরে দখলে রেখেছেন পরের বাড়ি” শিরোনামে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হয়। সংবাদটি প্রিন্ট ভার্সনের পাশাপাশি ওই দিন অনলাইন ভার্সনেও প্রকাশ পায়। সেদিন মেহেরপুর প্রতিদিন পত্রিকা টক অব দ্য জেলায় পরিণত হয়। মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে এ ধরণের সংবাদ প্রকাশ করায় মেহেরপুর প্রতিদিন পরিবারকে ধন্যবাদ জানায় পাঠকরা।

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় আসামি হলেন এমএএস ইমন

মেহেরপুরের-২ আসনের সাবেক স্বতন্ত্র সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে পরের জমি দখল করার সংবাদ প্রকাশ করায় মেহেরপুর প্রতিদিন’র প্রকাশক ও রাজনীতিবিদ এমএএস ইমনের নামে ডিজিটাল আইনে মামলা দায়ের করা হয়েছে।

মামলায় পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন ও যুগ্ম সম্পাদক আল আমীনকেও আসামি করা হয়েছে। সংবাদ প্রকাশ করায় হেনস্থা করা ও গণমাধ্যম কর্মীদের ভীত সন্ত্রস্ত করার উদ্দেশ্যে উদ্দেশ্যে প্রণোদিত হয়ে এ মামলা করেছেন। আসুন জেনে নিই কে এই এমএএস ইমন। কি তার রাজনৈতিক পরিচয়।

১৯৯১ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় থেকে মানবিক বিভাগ থেকে একমাত্র প্রথম শ্রেণী পাশ করেন তিনি। ১৯৯৩ সালে মেহেরপুর সরকারি কলেজ থেকে মানবিক বিভাগ থেকে প্রথম শ্রেণীতে এইচএসসি পাশ করেন। ১৯৯৩-১৯৯৪ সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগে অনার্স

ভর্তি হন। সেখান থেকে মাষ্টার্স সম্পন্ন করেন।

বাংলাদেশ ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত হন ১৯৯২ সালে মেহেরপুর সরকারি কলেজে এইচএসসিতে ভর্তি হওয়ার পরই। ১৯৯২-১৯৯৩ সেশনের ছাত্রলীগ কমিটির সদস্য ছিলেন। ১৯৯৫ থেকে ১৯৯৮ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসএম হল ছাত্রলীগের যুগ্ম সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ১৯৯৮ থেকে ২০০২ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ কমিটির (সাজ্জাদ-আজিম) সমাজ সেবা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০০২ থেকে ২০০৬ পর্যন্ত বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির (লিয়াকত-বাবু) সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানের তিনি বাংলাদেশ আওয়ামীলীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটিরসহ-সম্পাদকের দায়িত্বে ছিলেন।

দির্ঘ ২৮ বছরের রাজনৈতিক জীবনের পাশাপাশি তিনি রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী(পেট্রোবাংলার একটি কোম্পানী) পরিচালক, মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ মেহেরপুর জেলা শাখার যুগ্ম আহবায়ক, মেহেরপুর জেলা স্থল বন্দর বাস্তবায়ন আন্দোলন ফোরামের মুখপাত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ হল অ্যালামনাই এসোসিয়েশনের কার্যকরি সদস্য, ঢাকাস্থ মেহেরপুর জেলা কমিউনিটির সদস্য, মেহেরপুর শিল্প ও বণিক সমিতির সদস্য হিসেবে বর্তমানে দায়িত্ব পালন করছেন।

স্বল্প পরিসরে পালিত হলো ‘মেহেরপুর প্রতিদিন’ এর ২য় প্রতিষ্ঠা বার্ষিকী

মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রতিদিন এর প্রধান কার্যালয়ে স্বল্প পরিসরে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে প্রতিনিধি ও পেপার বিলিকারকদের নিয়ে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। গত ২৬ মার্চ মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন হওয়ার কথা থাকলেও করোনা পরিস্থিতির কারনে পালন করা হয়নি। করোনা পরিস্থিতিতি কবে নাগাদ স্বাভাবিক হবে সঠিক তথ্য না থাকায় সামাজিক ও শারিরীক দুরুত্ব বজায় রেখে শুধু ইফতার মাহফিলের মধ্য দিয়ে দিনটি পালন করা হয়।

প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পত্রিকার প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিন এর যুগ্ম সম্পাদক আল-আমিন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, স্টাফ রিপোর্টার এ শাহীন সিদ্দিকী, আক্তার হোসেন, শহিদুল ইসলাম, পারভেজ, বাসারুল, ফয়সাল, পিয়াল, রনি, মিন্টু সহ প্রত্রিকা সংস্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

প্রথম আলোর সাংবাদিক করোনায় আক্রান্ত, প্রধান কার্যালয় বন্ধ

জাতীয় দৈনিক প্রথম আলোর একজন জ্যেষ্ঠ সংবাদকর্মী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ অবস্থায় পত্রিকাটির প্রধান কার্যালয় কার্যত বন্ধ রাখা হয়েছে।

অনলাইন সংস্করণে একটি প্রতিবেদন প্রকাশের মাধ্যমে বিষয়টি জানিয়েছে পত্রিকাটি।

জানা যায়, বেশ কিছুদিন ধরেই তিনি বাসাতেই আইসোলেশনে ছিলেন প্রথম আলোর ওই সংবাদ কর্মী। সোমবার তাকে রাজধানীর একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি বিবেচনায় নিয়ে আজ থেকে পত্রিকাটি প্রকাশের সব কাজ বাসা থেকে সম্পন্ন করবে।

প্রথম আলো কর্তৃপক্ষ জানিয়েছে, মহামারির এই দুর্যোগকালীন

অবস্থায় প্রধান কার্যালয় কার্যত বন্ধ রেখে প্রথম আলো পত্রিকা ও অনলাইন প্রকাশনা অব্যাহত থাকবে। সূত্র-ভোরের পাতা

মেহেরপুর প্রতিদিন’র সাংবাদিক পারভেজ আহত

মেহেরপুর প্রতিদিন’র সাংবাদিক পারভেজ সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন।

গতকাল শুক্রবার রাত ৯ টার দিকে মেহেরপুর পুরাতন বাসস্টান্ড সংলগ্ন বিআরটিসি টিকেট কাউন্টারের সামনে মুখোমুখি মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হন।

এতে তার ব্যবহৃত মোটরসাইকেল টি মারাত্বক ভাবে দুমড়ে মুচড়ে যায়।

‘মেহেরপুর প্রতিদিন’ পরিবারের পক্ষ থেকে তার দ্রুত সুস্থতা কামনা করা হয়েছে।

অসহায় মানুষের পাশে দৈনিক আমার সংবাদের সম্পাদক ও প্রকাশক হাশেম রেজা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা ও জীবন নগর উপজেলায় করোনা মহামারীর বর্তমান পরিস্থিতিতে অসহায় ওগরীব মানুষের মধ্যে নয় হাজার অসচ্ছল পরিবারের মাঝে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন দৈনিক আমার সংবাদ পত্রিকার সম্পাদক ও প্রকাশক মো: হাশেম রেজা।

দিন রাত পরিশ্রম করে করোনার ঝুঁকি উপেক্ষা করে পায়ে হেটে প্রতিটা পরিবারের বাড়ি বাড়ি গিয়ে চাল, ডাল, আলু, পেয়াজ, সাবান ও মাস্ক প্রদান করেন।

এই আপদ কালীন সময়ে সহযোগিতা অব্যহত রেখেছে উপরন্ত ০১৭১১-১৩৫৫১৭ মোবাইল নং দিয়ে আসছে কারন এই আপদ কালীন সময়ে যেকোন মুহূর্তে যে কোন সময় ফোন করলে সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন বলে নিশ্চয়তা প্রদান করেছেন।

দেশনেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুসারে ২২শে মার্চ হতে করোনা যুদ্ধে করব জয়, বাসার বাইরে আর নয় এই শ্লোগানকে সামনে রেখে গণসচেতনতা মুলক প্রচারাভিযান অব্যহত রেখেছে।

দেশের এ সংকটময় সময়ে স্বাস্থ্য সেবা প্রদান করতে গরীব ও অসহায় মানুষের সেবায় আত্ম নিয়োগ করে যাঁরা আক্রান্ত হয়েছে তাদের প্রতি শ্রদ্ধা জানানোর জন্য দেশের সর্বস্তরের মানুষের দৃষ্টি আকর্ষণ করেছেন এই নেতা।

যদিও তিনি চুয়াডাঙ্গা ২ আসনের আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী তবুও বর্তমানে সব কিছু ভুলে করোনার বিপক্ষে মানুষের সহযোগিতায় আত্ম নিয়োগ করেছেন। নিজে নিরাপদ থাকি এবং দেশের মানুষের প্রাণ রক্ষায় সহযোগিতা করি।

জরুরী পরিসেবা হিসাবে কেবল টিভি কে বিবেচনা করা উচিত

করোনা ভাইরাস সংক্রমণরোধে সরকার ঘোষিত ছুটির মধ্যে যেসব খাত এর আওতার বাইরে থাকবে, সেই তালিকায় ইন্টারনেট পরিসেবার নাম থাকলেও নাম নেই কেবল টিভি পরিসেবার।

বর্তমান দুর্যোগ মোকাবেলায় সরকার ঘোষিত ছুটিতে ইন্টারনেট সেবায় নিয়োজিত যানবাহন এবং কর্মীদের যাতায়াতের অনুমতি দিয়ে এবার

পরিপত্র জারি করেছে প্রধানমন্ত্রীর কার্যালয়।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয় স্বাক্ষরিত পরিপত্রটি বৃহস্পতিবার (৯ এপ্রিল) জারি করা হয়েছে।

পরিপত্রে করোনা ভাইরাস সংক্রমণরোধে সরকার ঘোষিত ছুটির মধ্যে যেসব খাত এর আওতার বাইরে থাকবে, সেই তালিকা দেয়া হয়েছে।

পরিপত্রে বলা হয়, করোনাভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সরকার ষোষিত সাধারণ ছুটি এবং জনস্বার্থে চলাচল ও গমনাগমনে নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিবৃত্তিমূলক যে কোনো ব্যবস্থাকালে জরুরি সেবা ও সরবরাহ-শৃঙ্খলা যথাসম্ভব স্বাভাবিক রাখার স্বার্থে নিম্নোক্ত পরিসেবাসমূহ যথারীতি চালু থাকবে-

* জরুরি পরিসেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট এবং এতদসংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* চিকিৎসা সেবায় নিয়োজিত এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জমাদি বহনকারী যানবাহন ও কর্মী।

* ওষুধ-শিল্প সংশ্লিষ্ট যানবাহন ও কর্মী, নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রী, খাদ্যদ্রব্য, শিশুখাদ্য, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য এবং পশুখাদ্য পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* কৃষিপণ্য, সার, কীটনাশক, জ্বালানি ইত্যাদি পণ্য পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* কৃষিপণ্য উৎপাদন, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের উৎপাদন, দুগ্ধ-পণ্য উৎপাদন, খাদ্যদ্রব্য উৎপাদনসহ জীবনধারণের মৌলিক পণ্য উৎপাদন ও পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* উপরোক্ত পরিসেবা সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাধারণ ছুটি/সাপ্তাহিক ছুটি এবং জনস্বার্থে চলাচল ও গমনাগমন নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিবৃত্তিমূলক যে কোনো ব্যবস্থা সংক্রান্ত জারিকৃত নির্দেশনাসমূহ যথারীতি বলবৎ থাকবে বলে পরিপত্রে জানানো হয়েছে। সূত্র- সময় জার্নাল

সাংবাদিক লিংকনের বাবার ইন্তেকাল : বিভিন্ন মহলের শোক

চ্যানেল ফোর টেলিভিশন ও দৈনিক সময়ের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি এমএ লিংকন-এর বাবা এবং মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ মকবুল হোসেনের চাচা আব্দাল হক মিয়া ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি কয়েক বছর যাবত বিভিন্ন রোগে ভূগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। আব্দাল হক ৩ ছেলে ও ১ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

গতকাল বুধবার দিবাগত রাত ৯টা ৪০ মিনিটের সময় বার্ধক্যজনিত কারণে মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের মিনাপাড়া গ্রামের নিজ বাসভবনে অাব্দাল হক মারা যান।

মরহুম আব্দাল হক মিয়ার জানাজা নামাজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় মিনাপাড়া গ্রামে অনুষ্ঠিত হবে। জানাজা শেষে পারিবারিক গোরস্থান ময়দানে দাফন সম্পন্ন হবে বলে জানান, তার ছেলে সাংবাদিক এম.এ লিংকন।

এদিকে আব্দাল হক মিয়ার মৃত্যুতে বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ শোক প্রকাশ করেছেন।

চুয়াডাঙ্গায় কর্মহীন মানুষের মাঝে গণমাধ্যম কর্মীর খাবার বিতরণ

‘করোনা যুদ্ধ করবো জয়, বাড়ির বাইরে আর নয়’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় ব্যক্তিগত উদ্যোগে ১২’শ কর্মহীন মানুষের বাড়ি খাবার

পৌঁছে দিয়েছেন ঢাকা থেকে প্রকাশিত আমার সংবাদ পত্রিকার সম্পাদক-প্রকাশক হাশেম রেজা।

সোমবার দুপুরে দামুড়হুদার কুড়ুলগাছি ইউনিয়নের বিভিন্ন গ্রামে গিয়ে এ খাদ্য সামগ্রী বিতরণ করেন তিনি।

হাশেম রেজা বলেন, বাংলাদেশ প্রথম করোনা ভাইরাস শনাক্ত হওয়ার পরই আমি নিজ এলাকায় ফিরে আসি। সাধারণ মানুষের মাঝে করোনা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে লিফলেট, মাস্ক বিতরণ করি। মাইকিং করে করোনা সচেতনতার বার্তা পৌঁছে দিয়ে গ্রামে গ্রামে।

এরই ধারাবাহিকতায় কর্মহীন মানুষের মাঝে খাবার বিতরণে উদ্যোগ নিই।